Total number of printed pages–4

**1 (Sem–4) BEN 2**

**2025**

# BENGALI

Paper : BEN0400204

*( প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ )*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। (১×৮=৮)

(ক) চর্যাগীতিগুলি কোন্ ভাষায় রচিত?

(খ) চর্যাপুথির টীকা কে লিখেছিলেন?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে রাধিকার মাতার নাম কী?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কোন্ খন্ডে শ্রীকৃষ্ণ রাধিকার উদ্দেশে ফুল পাঠিয়েছিলেন?

(ঙ) বাংলা সাহিত্যে কোন্ গানগুলিকে 'মালসি' বলা হয়?

(চ) কোন্ শাক্ত পদকর্তার উপাধি ছিল 'কবিরঞ্জন'?

(ছ) বৈষ্ণব পদাবলিতে মধুর রসকে কয়টি ভাগে ভাগ করা হয়?

(জ) বিদ্যাপতি কোন্ ভাষায় রাধাকৃষ্ণ বিষয়ক পদ রচনা করেছেন?

২। সংক্ষেপে *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। (২×৬=১২)

(ক) চর্যাগীতির *যে-কোনো দুজন* কবির নাম লেখো।

(খ) চর্যাগীতির সাধনতত্ত্ব অনুযায়ী চার প্রকার আনন্দের নাম লেখো।

(গ) চর্যাগীতির সাধনতত্ত্ব অনুযায়ী মেরুদণ্ডের দুই পাশে অবস্থিত নাড়িগুলির নাম লেখো।

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুথি কত সালে কোথা থেকে প্রকাশিত হয়?

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রথম দুটি খণ্ডের নাম লেখো।

(চ) শাক্ত পদাবলির আগমনী ও বিজয়া পর্যায়ের একটি করে গানের উদাহরণ দাও।

(ছ) রামপ্রসাদ সেন কোন্ গ্রামে জন্মগ্রহণ করেছিলেন? তাঁর পৃষ্ঠপোষক রাজার নাম লেখো।

(জ) চৈতন্য পরবর্তী মধ্যযুগের যে-কোনো দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

(ঝ) 'পূর্বরাগ' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর এই পর্যায়ের *যে-কোনো একটি* পদের উদাহরণ দাও।



(ঞ) অভিসার পর্যায়ের পদরচনায় কৃতিত্ব দেখিয়েছেন, এই রকম দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলিব উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) কাহ্নপাদের 'নগর বারিহিরেঁ' চর্যাগীতিতে প্রতিফলিত সমাজচিত্রের বিবরণ দাও।

*অথবা*

(খ) টীকা লেখো : সন্ধ্যাভাষা

(গ) "যত নানা ফুল পান কর্পূর সব পেলাইল পাত্র"—প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য বুঝিয়ে দাও।

*অথবা*

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'তাম্বুল' খণ্ডে বড়াই চরিত্রের গুরুত্ব ব্যাখ্যা করো।

(ঙ) 'আমি কি হেরিলাম নিশি-স্বপনে'—কমলাকান্ত ভট্টাচার্য রচিত 'বিজয়া-দশমী' কবিতায় এই কাতরোক্তি শাক্ত পদটির বিষয়বস্তু বুঝিয়ে লেখো।

*অথবা*

(চ) বিজয়া পর্যায়ের পদরচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব তোমার পাঠ্য পদ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

(ছ) 'এ সখি হামারি দুখের নাহি ওর' পদটির কাব্য সৌন্দর্য করো।

*অথবা*

(জ) গৌড়ীয় বৈষ্ণব দর্শনের পাঁচটি মুখ্য ভক্তিরস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

(ক) চর্যাপুথির প্রথম গানটির বিষয়বস্তু তথা ধর্মীয় তাৎপর্য সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ প্রস্তুত করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'জন্মখণ্ড' অবলম্বনে নারদ চরিত্র আলোচনা করো।

(গ) তোমার পঠিত শাক্ত পদগুলিতে বঙ্গীয় সমাজচিত্রের যে প্রতিফলন লক্ষ করা যায়, তার পরিচয় দাও।

(ঘ) গৌরাঙ্গ-বিষয়ক পদ হিসাবে গোবিন্দদাস কবিরাজের "নীরদ নয়নে নীরসন সিঞ্চনে" পদটির সার্থকতা বিচার করো।

(ঙ) তোমার পঠিত বৈষ্ণব পদ অবলম্বনে রূপানুরাগ পর্যায়ের পদরচনায় জ্ঞানদাসের কৃতিত্ব মূল্যায়ন করো।

Total number of printed pages–3

1 (Sem–4) BEN 1

# 2025

## BENGALI

Paper : BEN0400104

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস)

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) জয়দেব কোন্ গ্রামে জন্মগ্রহণ করেছিলেন?

(খ) চৈতন্যপূর্ব মধ্যযুগের *একজন* মহাভারত অনুবাদকের নাম লেখো।

(গ) মধ্যযুগে রচিত *একখানি* চৈতন্যজীবনী গ্রন্থের নাম উল্লেখ করো।

(ঘ) বিজয় গুপ্ত কোন্ গ্রামের অধিবাসী ছিলেন?

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যের কবি কে?

(চ) রূপরাম চক্রবর্তী কোন্ শ্রেণির কাব্য রচনায় বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়েছেন?

(ছ) সৈয়দ আলাওল রচিত গ্রন্থখানির নাম কী?

(জ) 'মহারাষ্ট্র পুরাণ' গ্রন্থের রচয়িতা কে?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো ঃ *(যে-কোনো ছয়টি)* ২×৬=১২

(ক) চর্যাপদের পুথি কে কোথা থেকে আবিষ্কার করেছিলেন?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? এই কাব্যটির রচয়িতা কে?

(গ) মালাধর বসু ভাগবত অনুবাদ গ্রন্থের নাম কী? তিনি কী উপাধি পেয়েছিলেন?

(ঘ) চৈতন্য-পূর্ববর্তী কালে রাধাকৃষ্ণকে নিয়ে পদ রচনা করেছেন এমন *দুজন* কবির নাম লেখো।

(ঙ) মনসামঙ্গল কাব্যধারার *দুজন* কবির নাম উল্লেখ করো।

(চ) রায়মঙ্গল কাব্যে কোন্ দেবতার কথা রয়েছে? এই শ্রেণির কাব্যে *একজন* রচয়িতার নাম লেখো।

(ছ) শিবায়ন কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তিনি কার অনুরোধে এই কাব্য রচনা করেছিলেন?

(জ) দুর্গামঙ্গল কাব্যধারার *দুজন* কবির নাম লেখো।

(ঝ) লোরচন্দ্রাণী বা সতীময়না কাব্যগ্রন্থের কবি কে? এই গ্রন্থটি কোন্ কাব্যের অনুবাদ?

(ঞ) নাথসাহিত্যের *দুটি* কাহিনিবৃত্ত কী কী?



৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) চর্যাগীতির নামকরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

*অথবা*

(খ) শ্রীকর নন্দীর মহাভারত অনুবাদ সম্পর্কে যা জান লেখো।

(গ) কবি চণ্ডীদাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

*অথবা*

(ঘ) নারায়ণ দেবের মনসামঙ্গল কাব্য সম্পর্কে যা জান লেখো

(ঙ) শঙ্কর কবিচন্দ্রের কাব্যকৃতির পরিচয় দাও।

*অথবা*

(চ) ভারতচন্দ্রের কবি-পরিচয় সংক্ষেপে তুলে ধরো।

(ছ) মৈমনসিংহ গীতিকা সম্পর্কে যা জান লেখো।

*অথবা*

(জ) শাক্ত পদাবলির যে কোনো একজন কবি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) কৃত্তিবাস ওঝার রামায়ণ পাঁচালি সম্পর্কে যা জান লেখো।

(খ) বৃন্দাবন দাসের চৈতন্যভাগবত কাব্যের পরিচয় দাও।

(গ) রামেশ্বর ভট্টাচার্যের কাব্যকৃতিত্বের পরিমাপ করো।

(ঘ) নাথ সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) বাংলা সাহিত্যে জয়দেবের অবদান সম্পর্কে আলোচনা করো।

———

**1 (Sem–4) BEN 3**

**2025**

**BENGALI**

Paper : BEN0400304

*(লোকসাহিত্য পাঠ)*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) শিয়ালপণ্ডিত গল্পে কুমিরের কয়টি ছেলে ছিল?

(খ) কিরণমালা গল্পে গৃহস্থের কোন্ মেয়েটিকে রাজা বিয়ে করেছিলেন?

(গ) মাঘমণ্ডল ব্রতে কোন্ দেবতার আরাধনা করা হয়?

(ঘ) পুণ্যিপুকুর ব্রত কোন্ মাসে উদযাপন করা হয়?

(ঙ) "খাঁচার ভিতর অচিন পাখি" গানটির রচয়িতা কে?

(চ) মনমাঝি কীসের আশায় কাঁদছিল?

(ছ) "ছেলেভুলানো ছড়া" প্রবন্ধটির রচয়িতা কে?

(জ) 'বন থেকে বেরুল টিয়ে, সোনার টুপি মাথায় দিয়ে'— এই ধাঁধাটির উত্তর লেখো।

২। নীচের *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও : ২×৬=১২

(ক) কিরণমালার পালিত দুটি পশুর নাম লেখো।

(খ) 'নীলকমল আর লালকমল' গল্প অনুযায়ী মানুষ রানি ও রাক্ষুসী রানির ছেলেদের নাম লেখো।

(গ) 'সাত ভাই চম্পা' গল্পে উল্লিখিত পাঁশগাদার ওপর কী কী ফুল ফুটেছিল?

(ঘ) 'মাঘমণ্ডল' ব্রতে ব্যবহৃত দুটি উপকরণের নাম লেখো।

(ঙ) 'তোষলা ব্রতে'র দুটি বিধি উল্লেখ করো।

(চ) 'আদর সিংহাসন ব্রত' কোন্ মাসে পালন করা হয়? এই ব্রতের ব্রতী কারা?

(ছ) বাউল গানের দুটি বৈশিষ্ট্য লেখো।

(জ) ভাটিয়ালি গান প্রচলিত আছে এমন দুটি অঞ্চলের নাম লেখো।

(ঝ) ছড়ার দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঞ) 'All that glitters is not gold,' ইংরেজি এই প্রবাদটির সমার্থক বাংলা প্রবাদটি লেখো।



৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'শিয়ালপণ্ডিত' গল্প অবলম্বনে শিয়াল কীভাবে কুমিরকে বোকা বানিয়েছে তার বিবরণ দাও।

*অথবা*

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা ছোটরানিকে রাজপুরী থেকে কেন বের করে দিয়েছিলেন তা সংক্ষেপে লেখো।

(গ) পুণ্যিপুকুর ব্রতকে কুমারী ব্রত বলা যায় কিনা বুঝিয়ে লেখো।

*অথবা*

(ঘ) আদর সিংহাসন ব্রত সম্পর্কে যা জান লেখো।

(ঙ) ব্যাখ্যা করো—

'মন তুই রইলি খাঁচার আশে, খাঁচা যে তোর কাঁচা বাঁশের।'

*অথবা*

(চ) 'তোমায় হৃদ্ মাঝারে রাখিব' গানটিতে গীতিকার গৌরাঙ্গ মহাপ্রভুর যে বর্ণনা দিয়েছেন তা সংক্ষেপে লেখো।

(ছ) উদাহরণ সহ ঐতিহাসিক প্রবাদ সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

(জ) বাংলার প্রকৃতি অথবা গার্হস্থ্য জীবন সম্পর্কিত ধাঁধার বিষয়ে সংক্ষেপে লেখো।

৪। নিচের *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর লেখো ঃ ১০×২=২০

(ক) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা কীভাবে তাঁর পুত্র ও মেয়ে পারুলকে খুঁজে পেয়েছিলেন তা বিশদ ভাবে লেখো।

(খ) রূপকথার বৈশিষ্ট্য আলোচনা করে 'নীলকমল আর লালকমল' গল্পটিকে রূপকথা বলা যায় কিনা পর্যালোচনা করো।

(গ) কোজাগরী ব্রত সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো।

(ঘ) "আমি যে গহীন গাঙের নাইয়া"—এই লোকসংগীতটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

(ঙ) উদাহরণসহ বাংলা ছড়ার যে কোনো দুটি বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

1 (Sem–4) BEN 4

**2025**

**BENGALI**

Paper : BEN0400404

*(জীবনীসাহিত্য ও স্মৃতিকথা)*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও। ১×৮=৮

(ক) রবীন্দ্রনাথের সেজদাদার নাম কী ছিল?

(খ) 'স্বপ্নপ্রয়াণ' গ্রন্থটির লেখক কে?

(গ) কত বছর বয়সে বিবেকানন্দ সন্ন্যাসী হয়েছিলেন?

(ঘ) বিশ্বনাথ দত্তের মৃত্যু কত সালে হয়েছিল?

(ঙ) উদাসী সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে ছিলেন?

(চ) যুগান্তরের প্রিন্টার হওয়ার জন্যে পুলিশ কাকে বন্দী করে নিয়ে গিয়েছিল?

(ছ) রাসসুন্দরী দাসীর বাবার নাম কী ছিল?

(জ) রাসসুন্দরী দাসী তাঁর কত বছর বয়সে আত্মজীবনীটি রচনা করেছিলেন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো ঃ *(যে-কোনো ছয়টি)* ২×৬=১২

(ক) ছেলেবেলা গ্রন্থে উল্লিখিত ঠাকুরবাড়ির দারোয়ান ও জমাদারের নাম লেখো।

(খ) ছেলেবেলায় রবীন্দ্রনাথ কীসের দলে যোগ দিতে চেয়েছিলেন? সেখানে লবকুশের ছড়া কে আওড়াতেন?

(গ) নীলকমল মাস্টারের কাছে রবীন্দ্রনাথ যে বইগুলো পড়েছিলেন, তা থেকে *যে-কোনো দুটি* বইয়ের নাম লেখো।

(ঘ) ভূপেন্দ্রনাথের জন্ম কত সালে? বিবেকানন্দের মৃত্যুকালে তিনি কোথায় ছিলেন?

(ঙ) কবে এবং কোথায় স্বামী বিবেকানন্দের জন্ম হয়েছিল?

(চ) তারকনাথের স্ত্রীর নাম কী? তিনি সম্পর্কে বিবেকানন্দের কে হন?

(ছ) যুগান্তর পত্রিকার *যে-কোনো দুজন* সম্পাদকের নাম লেখো।

(জ) শ্রীমান ব্যারি কে? তিনি কোন্ দেশের অধিবাসী ছিলেন?

(ঝ) রাসসুন্দরীর দুই কন্যার নাম কী ছিল লেখো।



(ঞ) কত বছর বয়সে রাসসুন্দরীর বিবাহ হয়েছিল? তাঁর স্বামীর নাম কী ছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) ঠাকুরমার আমলের পালকি সম্পর্কে রবীন্দ্রনাথ যে বিবরণ দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

*অথবা*

(খ) রবীন্দ্রনাথের প্রথম যাত্রা দেখার অভিজ্ঞতাটি বর্ণনা করো।

(গ) মিসেস সারা বুলকে লেখা চিঠিতে বিবেকানন্দ কী লিখেছিলেন, তা বিশদ করো।

*অথবা*

(ঘ) বিবেকানন্দের বোন যোগীন্দ্রবালা সম্পর্কে যা জান লেখো।

(ঙ) মানিকতলার বাগান বাড়িতে ঘটিত স্বদেশী কার্যকলাপের সংক্ষিপ্ত বিবরণ দাও।

*অথবা*

(চ) মানিকতলা বাগানের নতুন সদস্য উল্লাসকর দত্ত সম্পর্কে একটি টীকা লেখো।

(ছ) রাসসুন্দরী দাসীর শৈশব জীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

*অথবা*

(জ) রাসসুন্দরী দাসী তাঁর গ্রন্থে ভূত দেখার স্মৃতির যে বিবরণ দিয়েছেন তা সংক্ষেপে লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : *(যে-কোনো দুটি)*

১০×২=২০

(ক) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির চাকর মহলের যথাযথ বিবরণ দাও।

(খ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে রবীন্দ্রনাথের সংগীত শিক্ষার একটি পরিচয় দাও।

(গ) পরিবারের আর্থিক দুরবস্থা স্বামীজিকে কীরূপ প্রভাবিত করেছিল তা আলোচনা করো।

(ঘ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থ অবলম্বনে আন্দামান জেলের ঘটনাবলি বর্ণনা করো।

(ঙ) রাসসুন্দরী দাসীর রচনা অবলম্বনে তৎকালীন সমাজে নারীদের অবস্থান সম্পর্কে যা জানা যায় তা তোমার নিজের ভাষায় লেখো।